

৫০ জন শিক্ষকের পদোন্নতি বন্ধ ইসলামী বিশ্ববিদ্যালয়ে সাংবাদিক সম্মেলন ৥ দাবি পূরণ না হলে আন্দোলন শুরু হবে

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি : ইসলামী বিশ্ববিদ্যালয়ে গত ৫ মাসে প্রায় অর্ধশত শিক্ষকের পদোন্নতি বর্তমান উপাচার্য বন্ধ করে রেখেছেন। শিক্ষকদের অবিলম্বে পদোন্নতি দিয়ে বর্তমান বিশ্ববিদ্যালয় প্রশাসনের স্বচ্ছতা ফিরিয়ে আনার জন্য ইসলামী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি সমাজ বিজ্ঞান ভবনের সেমিনার রুকে গত রোববার এক সাংবাদিক সম্মেলন করেছে। আগামী ১৫ই মে'র মধ্যে দাবি না মানলে শিক্ষক সমিতি বৃহত্তর আন্দোলন কর্মসূচি ঘোষণা করবে।

বিশ্ববিদ্যালয়ে কর্মরত সাংবাদিকদের উপস্থিতিতে ওই সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ই.বি. শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক আইন বিভাগের চেয়ারম্যান সেলিম তোহা। সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন শিক্ষক সমিতির সভাপতি ও সাবেক ছাত্র উপদেষ্টা ড. আ. ন. ম রেজাউল করিম, ফলিত বিজ্ঞান ও প্রযুক্তি অনুষদের ডিন ড. প্রফেসর এম. আলাউদ্দিন, ইংরেজি বিভাগের চেয়ারম্যান শাহিনুর রহমান, ড. শওকত জাহাঙ্গীর, ড. আবদুস সাত্তার প্রমুখ। লিখিত বক্তব্যে উল্লেখ করা হয়েছে, বিশ্ববিদ্যালয়ের বর্তমান উপাচার্য গত ১২ই ডিসেম্বর এখানে আসার পর থেকে এ পর্যন্ত প্রায় ৫০ জন শিক্ষকের বৈধ পদোন্নতি আটকিয়ে রেখেছেন, যাদের অধিকাংশ আওয়ামী ও বামপন্থী শিক্ষক।

আগে শিক্ষকদের পদোন্নতির জন্য নির্বাচনী বোর্ড গঠন করা হয়, কিন্তু উপাচার্য সুকৌশলে ২৮শে মার্চ ৩য় সমাবর্তন অনুষ্ঠিত হওয়ার পর ৪ঠা এপ্রিল নির্বাচনী বোর্ড স্থগিত ঘোষণা করে। শিক্ষক সমিতিতে আওয়ামী ও বামপন্থীরা থাকায় বর্তমানে উপাচার্য শিক্ষকদের কোন দাবি সহজে মেনে নিচ্ছেন না। এদিকে আগামী ১৫ই মে'র মধ্যে শিক্ষকদের যুক্তিসঙ্গত দাবি মানা না হলে শিক্ষক সমিতি বৃহত্তর আন্দোলনের কর্মসূচি ঘোষণা করবে বলে

সাংবাদিক সম্মেলনে জানিয়েছে।

কালবৈশাখী ঝড়ে ইসলামী বিশ্ববিদ্যালয়ে ব্যাপক ক্ষতি
৩রা মে রাতে প্রচণ্ড কালবৈশাখী ঝড়ে ইসলামী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ব্যাপক ক্ষতি সাধন হয়েছে।

প্রচণ্ড ঝড়ে ক্যাম্পাসে অনেক বিদ্যুৎ পোল ভেঙে গেছে, এবং প্রায় শতাধিক গাছ ভেঙে পড়েছে। বিদ্যুৎ পোল ভেঙে যাওয়ায় ক্যাম্পাসে প্রায় ১৫ ঘণ্টা বিদ্যুৎ বন্ধ ছিল।